উচ্চৈঃস্বরে শ্রেয়স্কর আত্মরক্ষা প্রদর্শন বয়ঃক্রম বৃক্ষচ্ছায়া প্রত্যুত্তর
দুর্ব্ব্যবহার পর্ব্বতশৃঙ্গ

১। "কৃষ্ণ বিনা বন্ধু বাছা কেবা করে কার?"

গোপাল নামে একটী পিতৃহীন বালক ছিল। তাহার মা অনেক দুঃখে কষ্টে তাহাকে মানুষ করিত। তাহাদের বাড়ীর নিকটেই একটী বন ছিল। এই বনের ভিতর দিয়া গোপালকে প্রত্যহই পাঠশালায় যাইতে হইত। এই বনের ভিতর দিয়া যাইতে গোপালের বড়ই ভয় হইত। সে একদিন তাহার মাকে বলিল, "মা! বনের ভিতর একাকী যাইতে বড় ভয় হয়।" মা বলিলেন, "ভয় কি বাবা? যাহার কেহ নাই, তাহার কৃষ্ণদাদা আছেন। তাঁহাকে ডাকিও। তিনিই তোমায় সঙ্গে করিয়া লইয়া যাইবেন।" গোপালের মাতৃবাক্যে অচল বিশ্বাস ছিল। সে প্রত্যহই দেখিত বনের ভিতর জন্তু ভিন্ন কোনও মানুষ নাই, তথাপি সে নিজের চোখকে বিশ্বাস না করিয়া মার কথায় সম্পূর্ণ বিশ্বাস করিল। সেই দিন প্রসাদ পাইয়া গোপাল নির্ভয়ে পাঠশালায় গেল। যেই বনের ভিতর আসিল, অমনি সে "কৃষ্ণদাদা" "কৃষ্ণদাদা" বলিয়া ডাকিতে লাগিল। শ্রীকৃষ্ণ তখন একটী কৃষ্ণবর্ণ শিশুর রূপ ধরিয়া আসিয়া বলিলেন, "ভাই গোপাল তোমার ভয় কি? এই বনেই আমি বাস করি। তুমি যখনই এই

বনে আসিবে তখনই আমাকে ডাকিও আমি তোমার সঙ্গে যাইব।" এই বলিয়া কৃষ্ণদাদা গোপালকে সঙ্গে করিয়া বনটী পার করিয়া দিলেন। পাঠশালা হইতে ফিরিবার সময় গোপাল আবার "কৃষ্ণদাদা" বলিয়া ডাকিল। তখন কৃষ্ণদাদা আসিয়া প্রাতঃকালের ন্যায় পুনরায় গোপালকে বনটী পার করিয়া দিলেন। এইরূপে পাঠশালায় যাইবার সময় গোপাল প্রত্যহই বনের ভিতর প্রবেশ করিয়াই কৃষ্ণদাদা বলিয়া ডাকিত ও কৃষ্ণদাদা বনটী পার করিয়া দিতেন।

একদিন গুরুমহাশয়ের পিতার শ্রাদ্ধ উপলক্ষে গুরুমহাশয় সকল বালককে ডাকিয়া কহিলেন, "তোমরা সকলে যে যাহা পার কাল আনিবে।" কেহ বলিল "আমি চিঁড়ে আনিয়া দিব," কেহ বলিল "আমি কলাপাতা আনিয়া দিব।" এই রকমে সকলেই কোনও না কোনও জিনিষ আনিবার ভার লইল। গোপাল কিছুই বলিল না। গুরুমহাশয় বলিলেন, "গোপাল তোমাকে যত দই লাগে দিতে হইবে।" সে বলিল "আচ্ছা।" গোপাল দুঃখিত মনে বাড়ী আসিয়া মাকে বলিল, "মা কাল গুরুমহাশয়ের বাপের শ্রাদ্ধ। তিনি বলিয়াছেন যত দই লাগে, কাল আমাকে দিতে হইবে।"

এই কথা শুনিয়া গোপালের মার বড়ই চিন্তা হইল। গোপালের মা নিজেই বলিয়াছিলেন "ভয় কি বাবা? যাহার কেহ নাই তার কৃষ্ণদাদা আছেন।" এখন গোপালের মা নিজেই ভুলিল,—

"কৃষ্ণ বিনা বন্ধু বাছা কেবা কবে কার?"

গোপালের মা যখন চুপ করিয়া রহিল তখন গোপালের কৃষ্ণদাদাকে মনে পড়িল। তখন গোপাল বলিল "মা এই বিপদে আমাদের কৃষ্ণদাদাকে ডাকিলে হয় না?" গোপালের মার তখন সেই অনাথের নাথ বিপদভঞ্জন মধুসূদনকে মনে পড়িল। গোপালের মা বলিল "হাঁ বাবা। কৃষ্ণদাদাকে ডাকিলে তিনি সকল বিপদ্ হইতেই উদ্ধার করেন। আমি পাপিষ্ঠা কিনা তাই একথাও ভুলিয়া গিয়াছিলাম।"

পরদিন যথাকালে পাঠশালায় যাইবার সময় গোপাল বনের ভিতর যাইয়াই কান্দিতে কান্দিতে উচ্চৈঃস্বরে "কৃষ্ণদাদা" "কৃষ্ণদাদা" বলিয়া ডাকিতে লাগিল। কৃষ্ণদাদা আসিয়া বলিলেন "ভয় কি? ভয় কি ভাই? এই যে আমি আছি। তুমি কি দেখিতে পাইতেছ না?

তোমার কি হইয়াছে ভাই ?" গোপাল তখন কান্না থামাইয়া বলিল "দাদা গুরুমহাশয় আমাকে তাঁহার পিতার শ্রাদ্ধে যত দই লাগে লইয়া যাইতে বলিয়াছেন। আমি দই কোথায় পাইব ?" এই বলিয়া গোপাল আবার কান্দিয়া ফেলিল। কৃষ্ণদাদা বলিলেন, "ভয় কি ভাই ? আমি থাকিতে তোমার এই সামান্য কথায় ভয় কি ? যখন যে বিপদে পড়িবে আমায় বলিও। আমি থাকিতে তোমার কোনও ভয় নাই।" এই বলিয়াই একটী খুব ছোট দইয়ের ভাণ্ড তাহাকে দিলেন, যাহাতে তাহার বহিয়া লইয়া যাইবার কোন কষ্ট না হয়। দইয়ের ভাঁড় হাতে দিয়া কৃষ্ণদাদা গোপালকে বলিলেন "এই দই লও। ইহা ফুরাইবে না।" গোপালের তখনও একেবারে ভয় যাইল না, সে মনে করিল এইটুকু দধিতে কি হইবে। গোপাল বিষণ্ণ মনে সেই দধিভাণ্ড লইয়া গুরুমহাশয়ের হাতে দিল। গুরুমহাশয় রাগিয়া বলিলেন "এইটুকু দধিতে কি হইবে ?" গোপাল ধীরে ধীরে বলিল "কৃষ্ণদাদা বলিয়া দিয়াছেন, এই দই ফুরাইবে না।" গুরুমহাশয়ের ভক্তির লেশমাত্র নাই, কাজেই একথা শুনিয়াও শুনিল না। গুরুমহাশয় গোপালকে অনেক তিরস্কার করিল। কিন্তু যখন পরিবেশনের সময় আসিল, তখন গুরুমহাশয় দেখিল দধি যতই

ঢালে না কেন, ভাণ্ডটী যেমন পূর্ণ তেমনি পূর্ণই থাকে। তখন সকলেই অবাক্ হইয়া গেল। সকলেই খাইয়া বলিতে লাগিল "আহা কি মিষ্ট দই, এমন দই ত জীবনে কখনও খাই নাই।" কিন্তু এমনই আশ্চর্য্য যে "দই কোথা হইতে পাইয়াছ" গোপালকে কেহই জিজ্ঞাসা করিল না। গোপালও গোপালের মা সেই দিন হইতে আর কৃষ্ণদাদাকে ভুলিল না।

তোমাদের সকলেরই কৃষ্ণদাদা আছেন। সেই দীনবন্ধু, সেই কাঙ্গালের নাথ, সেই অশরণের শরণকে তোমরা কেহ ভুলিও না। জানিও যে, তাঁহার ন্যায় বন্ধু তোমাদের আর কেহই নাই।

"ত্বং গতি-স্ত্বং মতি-র্ম্মহ্যং পিতা মাতা গুরুঃ সখা।
সুহৃদ-শ্চাত্মরূপ-স্ত্বং ত্বাং বিনা নাস্তি মে গতিঃ॥

"নান্যং ততঃ পদ্ম-পলাশ-লোচনাৎ দুঃখ-চ্ছিদং তে মৃগয়ামি কঞ্চন।
যো মৃগ্যতে হস্ত-গৃহীত-পদ্ময়া শ্রিয়েতরৈ-রঙ্গ বিমৃগ্যমাণয়া॥" ২

২। "কুম্ভ বলে কষ্ট বিনা কৃষ্ণ নাহি মিলে।"

দেবদত্ত নামে এক ধনীর সন্তান এক সাধুর কাছে শরণাগত হয়। সাধু তাহাকে গরু চরাইতে, কখনও বা হোমের কাষ্ঠ সংগ্রহ করিতে, কখনও বা গঙ্গা হইতে জল আনিতে বলিতেন। ধনী শিষ্য মনে মনে বিরক্ত হইত। ক্রমেই তাহার অসহ্য হইয়া উঠিল। এক দিন স্থির করিল যে গুরুর আশ্রম হইতে না বলিয়াই সে পলায়ন করিবে। এমন সময় সেই সাধুপুরুষ যুবকের মনোগত ভাব বুঝিতে পারিয়া গঙ্গাজলপূর্ণ একটী কলসীতে শক্তিসঞ্চার করিলেন। কুম্ভ তখন সেই যুবককে ডাকিয়া বলিতে লাগিল। ভাই! তুমি এই সামান্য কষ্টে কাতর হইয়া এমন দুর্লভ সাধুসঙ্গ ত্যাগ করিতে চাহিতেছ? আমার কথা একবার শুন। আমি এক পুষ্করণীর তীরে মৃত্তিকারূপে পড়িয়াছিলাম। কাহারও কোনও ক্ষতি করিতাম না। তথাপি জীবজন্তু সকলেই আসিয়া আমার উপর মলত্যাগ করিত। আমি কিছুই বলিতাম না। একদিন এক কুম্ভকার আসিয়া কোনও কথা না বলিয়া হঠাৎ কোদাল দিয়া আমার

শরীর ক্ষত বিক্ষত করিয়া দিল। তাহাতেও আমি দ্বিরুক্তি করিলাম না। তৎপরে ঐ কুম্ভকার আমাকে মাথায় করিয়া লইয়া গিয়া এমন সজোরে মাটিতে ফেলিয়া দিল যে, আমার অস্থি চূর্ণবিচূর্ণ হইয়া গেল। ভাবিলাম, এইবার হয় ত আমায় কষ্টের অবসান হইল। কিন্তু তখনই আমার এ ভ্রম দূর হইল। কলসী কলসী ঠাণ্ডা জল ঢালিয়া পা দিয়া আমাকে এমন চট্‌কাইতে লাগিল যে, আমি একেবারে অস্থির হইয়া পড়িলাম। আমি নীরবে সকল কষ্টই সহ্য করিলাম। তথাপি কুম্ভকার যন্ত্রণা দিতে ক্ষান্ত হইল না। তাহার পর সেই নিষ্ঠুর কুম্ভকার একটা প্রকাণ্ড চাকায় আমাকে বসাইয়া সবেগে ঘুরাইতে লাগিল। মনে মনে কতই ত্রাহি ত্রাহি বলিয়া ডাকিতে লাগিলাম। কেইহ আমার সেই কাতর আর্ত্তনাদ শুনিল না। তারপর যখন চাকা হইতে আমায় নামাইল, তখন মনে করিলাম আর কত কষ্ট দিতে পারে? এবার অবশ্যই আমাকে ছাড়িয়া দিবে। কিন্তু সাধুসঙ্গ অনেক কষ্টে মিলে। কাযেই আমার আবার কষ্ট আরম্ভ হইল। কুম্ভকার প্রচণ্ড রৌদ্রে আমাকে দিনের পর দিন শুকাইতে লাগিল। যখন আমি একেবারে শুষ্ক হইয়া গেলাম, তখন মনে করিলাম এবার নিশ্চয়ই কষ্টের হাত হইতে নিষ্কৃতি

পাইব। আর কত কষ্টই বা দিবে। তখনও মনে করিলাম না যে, সাধুসঙ্গ সহজে মিলে না। কাযেই আমার এই বিষম ভ্রম তখনই দূর হইল। কুম্ভকার তখনই আমাকে এক বৃহৎ অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিয়া পোড়াইতে লাগিল। যখন আমার সমস্ত ময়লা পুড়িয়া গেল ও আমি নিজ মলিন স্বভাব ছাড়িয়া লাল হইলাম। তখন আমাকে উঠাইয়া যত্ন পূর্ব্বক রাখিয়া দিল। এত দিনে আমার চৈতন্য হইল ও আমি স্থির বুঝিলাম, কষ্ট বিনা কৃষ্ণ মিলে না। আমার কষ্ট এড়াইবার ইচ্ছা একেবারে দূরে গেল।

তারপর যে কিনিতে আসে সেই আমাকে চাঁটি মারিয়া চলিয়া যায়। এই চাঁটি খাইয়া আমার আনন্দ হইতে লাগিল আমি বুঝিলাম আমি যদি পরম আনন্দে কষ্ট সহ্য করিতে শিখি, তবে নিশ্চয়ই আমার উপর একদিন না একদিন সাধুর কৃপা হইবেই। কাযেই অনেক চাঁটি খাইয়াও আমি একবারও "খ্যাঁৎ" বলিলাম না। বরং সাধুর কৃপা পাইব এই মনে করিয়া আনন্দে ভাসিতে লাগিলাম। এত দিনে আমার ভাগ্যোদয় হইল। তখন এই সাধুমহারাজ আমায় কিনিয়া আনিলেন ও পবিত্র গঙ্গাজল বহন করিয়া শ্রীভগবানের সেবা করিতে নিযুক্ত করিলেন।

আমার সঙ্গীদের কাহারও ভাগ্যে ইহা ঘটিয়া উঠিল না। তাহারা অনেকেই "থ্যাং" বলিল। কিন্তু তাহাদের মধ্যে কেহই মনে করিল না যে, অনেক কষ্ট না পাইলে কৃষ্ণ মিলে না। অতএব কেহই চাঁটি খাইয়া আনন্দ করিতে পারিল না। কাহাকে কাহাকেও এত কষ্টের পরও মল-মূত্র বহন করিয়া জীবন কাটাইতে হইল। তাই বলি ভাই! দুর্লভ সাধুসঙ্গ সহজে মিলে না। তুমি এই সামান্য কষ্টেই কাতর হইতেছ কেন? আমার কথা ভাবিয়া দেখ দেখি? আমার অশেষ দুঃখের কথা ভাব ও আমার এই পরম সৌভাগ্যের কথা স্মরণ কর। দেখ এই সৌভাগ্যলাভে আমার দুঃখকে দুঃখ বলিয়া মনে করা দূরে থাকুক, পরম সুখ বলিয়া মনে করি। আহা! ভাগ্যে আমার এত কষ্টভোগ হইয়াছিল, তাই ত আজ আমার উপর এই কৃপা। যুবক তখনই গুরুমহারাজের নিকট গিয়া শ্রীচরণে পড়িয়া কান্দিতে কান্দিতে নিজের সকল অপরাধ স্বীকার করিল ও বলিল, মহারাজ! আপনি আমার অনন্ত নরক ঘুচাইয়া বৈকুণ্ঠে পাঠাইবার জন্য এই কৃপা করিতেছেন আর আমি পাপিষ্ঠ আপনাকে মনে মনে কতই গালি দিয়াছি। ঠাকুর! আমার অপরাধের সীমা নাই। কিন্তু আপনিও ক্ষমানিধি। আমাকে

নিজ গুণে রক্ষা করুন্। সাধু বলিলেন, বৎস!

"কুম্ভ বলে কষ্ট বিনা কৃষ্ণ নাহি মিলে।"

এই কথাটি মনে রাখিও। কখনও কষ্ট সহ্য করিতে কাতর হইও না। হাসি মুখে সকল কষ্টই সহ্য করিতে শিখিবে। ভগবান্ তোমার কল্যাণ করিবেন।

জন্মৈশ্বর্য্য-শ্রুত-শ্রীভিরেধমান-মদঃ পুমান্।
নৈবার্হত্যভিধাতুং বৈ ত্বা-মকিঞ্চন-গোচরম্ ॥ ২ ॥

ত্রৈবর্গিকায়াস-বিঘাত-মস্মৎ-পতি-র্বিধত্তে পুরুষস্য শক্র।
ততোঽনুমেয়ো ভগবৎপ্রসাদো যো দুর্লভোঽকিঞ্চন-গোচরোঽন্যৈঃ ॥ ২ ॥

ব্রহ্মন্ যমনুগৃহ্ণামি তদ্বিশো বিধুনোম্যহম্।
যন্মদঃ পুরুষঃ স্তব্ধো লোকং মাং চাবমন্যতে ॥ ৩ ॥

ভাগ্যোদয়েন বহুজন্ম-সমার্জিতেন সৎসঙ্গমঞ্চ লভতে পুরুষে যদা বৈ।
অজ্ঞান-হেতু-কৃত-মোহ-মদান্ধকার-নাশং বিধায় তদোদয়তে বিবেকঃ ॥ ৪ ॥

৩। "চশমা লও দেখ বাছা কে আছে মানব।
মানব মিলিলে কষ্ট হইবে লাঘব॥"

কোন গ্রামে রামপ্রপন্ন নামে এক ভক্ত বাস করিতেন। তিনি ভিক্ষা করিয়া জীবনযাপন করিতেন। একদিন তিনি ভগবানের উপর অভিমান করিয়া বলিলেন, "আমি লক্ষ্মীকান্তের আশ্রিত হইয়া সামান্য অর্থের জন্য কষ্ট পাইব? ইহা কখনই হইবে না।" তখন শ্রীভগবান্ আসিয়া তাঁহাকে একখানি চশমা দিয়া বলিলেন, ঃ—

"চশমা লও দেখ বাছা কে আছে মানব।
মানব মিলিলে কষ্ট হইবে লাঘব॥"

এই কথা বলিয়া শ্রীভগবান্ অন্তর্হিত হইলেন। পরে রামপ্রসন্ন চশমা খানি পরিয়া আর কোথাও মানুষ দেখিতে পাইলেন না। কেবল সিংহ, ব্যাঘ্র, কুক্কুর, শৃগাল, সর্প প্রভৃতি জন্তুগণে এই জগৎ পরিপূর্ণ দেখিলেন। মনুষ্য কেহই নাই। পুনরায় চশমা খুলিয়া দেখেন, এই মাত্র

যাহাদিগকে হিংস্র জন্তু দেখিতেছিলেন তাহারা সকলেই মনুষ্য। কেহ বা ব্রাহ্মণ, কেহ বা বিদ্বান্, কেহ বা ধনী, কেহ বা উচ্চপদে সমাসীন। কিন্তু যেই চশমাখানি পরেন আর অমনি তাহাদেরই কাহাকে ব্যাঘ্র, কাহাকে সর্প, কাহাকে কুক্কুর ইত্যাদি দেখেন।

অবশেষে রামপ্রপন্ন চশমা পরিয়া অনেক অনুসন্ধানে একটী মাত্র মনুষ্য দেখিতে পাইলেন। তিনি মুচি। জুতা সেলাই করিতেছিলেন। রামপ্রপন্ন তাঁহার নিকটে যাইয়া নিজের অভাব জানাইলেন। তখন সেই মুচি বলিলেন, "এত ধনী ও রাজা থাকিতে আপনি আমার কাছে অর্থের জন্য আসিয়াছেন? আমি নীচ। আমি কি করিয়া আপনার অভাব দূর করিতে পারিব?" রামপ্রপন্ন তখন সেই মুচিকে শ্রীভগবানের আজ্ঞা জানাইলেন ও বলিলেন "আমি শ্রীভগবানের আজ্ঞা পাইবামাত্র চশমা পরিয়া মানুষ খুঁজিতে বাহির হইলাম। কিন্তু কি আশ্চর্য্য পূর্ব্বে যাহাদিগকে মানুষ বলিয়া জানিতাম, তাহাদের সকলকেই চশমা পরিবামাত্র পশু দেখিতে লাগিলাম। কাহাকেও ধনী, কাহাকেও ব্রাহ্মণ, কাহাকেও পণ্ডিত, কাহাকেও অভিজাত বলিয়া জানি। কিন্তু যেই চশমা পরি, অমনি তাহারা সকলেই পশুর আকার ধারণ করে। এইরূপে

অনেক খুঁজিয়া বহু কষ্টে কেবল আপনাকেই মানুষ দেখিলাম। তাই আমি আপনার কাছেই আসিয়াছি।" এই অদ্ভুত কথা শুনিয়া সেই মুচি রামপ্রপন্নকে বলিলেন "আচ্ছা একটু অপেক্ষা করুন, দেখি যদি কোনও উপায় করিতে পারি।"

সেই মুচি তখন রাজার একজোড়া জুতা সেলাই করিতেছিলেন। অবিলম্বে রাজভৃত্য জুতা লইতে আসিল। তৎক্ষণাৎ সেই মুচির মনে হইল, তবে কি ভগবান্ বলিতেছেন, রাজার কাছে যাইয়া এই অপূর্ব্ব বৃত্তান্ত বলি। তাহা হইলে এই ভক্তের অভাব দূর হইবে। এই মনে করিয়া সেই মুচি রাজভৃত্যকে বলিলেন, "তুমি যাও। আমি স্বয়ং লইয়া যাইতেছি।" এই বলিয়া সেই ভক্তকে সঙ্গে করিয়া রাজার নিকট যাইয়া সেই জুতা জোড়াটী দিলেন। রাজা জুতা পাইয়া অতিশয় সন্তোষ প্রকাশ করিলেন। অনন্তর মুচি বলিলেন, "মহারাজ! আপনার নিকট দাসের এক প্রার্থনা আছে। যদি আজ্ঞা হয় নিবেদন করি।" রাজা বলিলেন "বল"। তখন মুচি বলিলেন "মহারাজ! এই দরিদ্রের অর্থকষ্ট দূর করিতে আজ্ঞা হয়।" রাজা আশ্চর্য্যান্বিত হইয়া বলিলেন "এই ব্যক্তি আমার কাছে না আসিয়া তোমার ন্যায় হীন ব্যক্তির

শরণ লইল কেন ?” মুচি বলিলেন “মহারাজ ! ইহাকেই জিজ্ঞাসা করিতে আজ্ঞা হয়।” রাজা তখন সেই ভক্তকে জিজ্ঞাসা করিয়া সকল বৃত্তান্ত জানিতে পারিলেন ও সেই মুচিকে স্বয়ং চশমা দিয়া সকলকে দেখিতে বলিলেন। সেই মুচি চশমা পরিয়াই রাজসভায় রামপ্রপন্ন ভিন্ন মানুষ দেখিতে পাইলেন না। রাজা মুচিকে জিজ্ঞাসা করিলেন “কি দেখিতেছ ? বল।” মুচি বলিলেন “মহারাজ ! আমি সমস্তই পশু দেখিতেছি।” রাজা বিস্মিত হইয়া বলিলেন, “আচ্ছা আমাকে ও আমার মন্ত্রীকে কি দেখিতেছ?”সেই মুচি বলিলেন “মহারাজ! অভয় দেন ত বলি।” রাজা অভয় দিলে সেই মুচি বলিলেন “মহারাজ ! আমি আপনাকে দেখিতেছি একটা প্রকাণ্ড সিংহ ও আপনার মন্ত্রী একটা প্রকাণ্ড গাধা।” রাজা তখন বলিলেন “আচ্ছা চশমাখানি আমায় দাও দেখি।” তৎপরে রাজা চশমা পরিয়াই দেখেন যে, তাঁহার সভায় সেই মুচি ও সেইভক্ত ভিন্ন একটীও মানুষ নাই। রাজা তখন স্পষ্টই বুঝিতে পারিলেন যে, সেই মুচি ঠিক্ কথাই বলিয়াছে। তখন রাজার মোহ ঘুচিল ও অহঙ্কার দূরে যাইল। রামপ্রপন্ন যে ভগবানের আপনার জন ও চশমাই যে ভগবানের কৃপা, রাজা তখন বিলক্ষণ বুঝিতে পারিলেন। রাজা

তৎক্ষণাৎ রামপ্রপন্নের চরণে শরণাগত হইলেন। সেই অবধি রামপ্রপন্নের আর অর্থকষ্ট রহিল না।

তরবোঽপি হি জীবন্তি জীবন্তি মৃগ-পক্ষিণঃ।
স জীবতি মনো যস্য মননেনোপ-জীবতি ॥ ১ ॥
জাতাস্ত-এব জগতি জন্তবঃ সাধু-জীবিতাঃ।
যে পুনর্নেহ জায়ন্তে শেষাঃ জরঠ-গর্দ্দভাঃ ॥ ২ ॥
ইচ্ছা-দ্বেষ-সমুত্থেন দ্বন্দ্ব-মোহেন জন্তবঃ।
ধরা-বিবর-মগ্নানাং কীটানাং সমতাং গতাঃ ॥ ৩ ॥
কিং তেষাং জীবিতেনেহ পশুবচ্চেষ্টিতেন চ।
যেষাং ন প্রবণং চিত্তং বাসুদেবে জগন্ময়ে ॥ ৪ ॥

৪। "বিশ্বাস ক'রো না চিতে, বিপরীত দেখে হিতে।"

শ্রীবৃন্দাবনধামে এক সাধু বাস করিতেন। একদিন এক কৃষক ঐ সাধু পুরুষের নিকট অনেক লোককে বসিয়া তাঁহার সেবা করিতে ও উপদেশ লইতে দেখিয়া মনে করিল,—নিশ্চয়ই এই সাধু পুরুষের নিকট কোনও অমূল্য বস্তু আছে ও তাহাই সকলকে দিতেছেন। নতুবা এত লোক কেন আসিবে? আমিও যাইয়া সাধুর নিকট যদি কাতর হইয়া প্রার্থনা করি তাহা হইলে নিশ্চয়ই আমাকেও অমূল্য রত্ন দিবেন। এই মনে করিয়া একদিন প্রাতে সে সাধুর চরণে পড়িয়া কাতর হইয়া বলিল—ঠাকুর! আপনি দয়া করিয়া সকলকেই অমূল্য বস্তু বিতরণ করিতেছেন। আমাকেও কৃপা করিয়া সেই অমূল্য রত্ন দিয়া কৃতার্থ করুন। আমি বড় দুঃখী। সেই কথা শুনিয়া সাধুর দয়া হইল। তিনি বলিলেন আচ্ছা। যাহা করিলে তুমি সেই অমূল্য রত্ন পাইতে পারিবে তাহা বলিয়া দিতেছি শুন।

"বিশ্বাস ক'রো না চিতে,
বিপরীত দেখে হিতে।"

কথায় বলে "মন্‌কা কহ্‌না, কভি নহি কর্‌না।" (নিজের মনকে বিশ্বাস করিও না, কেননা সে হিতে বিপরীত দেখে। অতএব মন যাহা বলে তাহা কখনও করিও না।)

এইকথা বলিয়া সেই সাধুপুরুষ চলিয়া গেলেন। সুবুদ্ধি কৃষক সেই মুহূর্ত্ত হইতেই সাধুর আদেশ পালন করিতে সাধ্যমত চেষ্টা করিতে লাগিল। প্রথমেই মনে হইল এইবার বাড়ী যাই। তখনই মনে পড়িল, সাধু মহারাজ যে মনের কথা শুনিতে নিষেধ করিয়াছেন। মন যখন বাড়ী যাইতে বলিয়াছে তখন বাড়ী যাওয়া হইবে না। এই ভাবিয়া সে দাঁড়াইয়া রহিল। কিছুতেই নড়িল না। এদিকে তাহার বাড়ীর লোকে তাহাকে বাড়ী ফিরিতে না দেখিয়া বড়ই চিন্তিত হইয়া চারিদিকে খুঁজিতে খুঁজিতে যেখানে কৃষক দাঁড়াইয়া আছে সেখানে গিয়া তাহাকে জিজ্ঞাসা করিল, এখানে কেন দাঁড়াইয়া আছ? বাড়ী চল। কৃষক কোনও উত্তর দিল না। সকলে মিলিয়া তাহাকে বাড়ী লইয়া যাইবার জন্য অনেক চেষ্টা করিল। কৃষক কিছুতেই গেল না। তাহার মন বাড়ী যাইতে চাহিতেছে সে সেই জন্য বাড়ী গেল না। যাহাদিগকে সে এতদিন কতই না আপনার বলিয়া ভাবিত, তাহারা সকলেই

সেই খানে সেই অবস্থায় ফেলিয়াই বাড়ী চলিয়া গেল। কৃষক সেই খানেই দাঁড়াইয়া রহিল। ক্রমে রাত্রি আসিল। চারিদিক্ অন্ধকারে আচ্ছন্ন হইল। কৃষক শীতে কাঁপিতে কাঁপিতে ক্ষুধাও তৃষ্ণায় কাতর হইয়া পড়িল। তথাপি মনের কথা কিছুতেই শুনিল না। তাহার আপনার বলিতে যে যেখানে আছে, সকলেই ভোজন করিয়া নিদ্রা যাইতে লাগিল। কিন্তু যাহাকে স্বপ্নেও আপনার বলিয়া মনে করে নাই, সেই করুণানিধি ভগবান্ তাহার কষ্ট দেখিয়া আর স্থির থাকিতে পারিলেন না। তিনি লক্ষ্মীদেবীকে দিয়া প্রসাদ পাঠাইয়া দিলেন। প্রসাদ দেখিয়া কৃষকের লোভ হইল। প্রসাদ গ্রহণ করিলে মনের কথা শুনা হয়, এই বিচার করিয়া কৃষক স্বয়ং লক্ষ্মীদেবীর হাতের প্রসাদ ও পাইল না। তখন ভগবান্ স্বয়ং আসিয়া বলিলেন, "বৎস! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি। এই প্রসাদ লও। ভক্ষণ কর ও বর প্রার্থনা কর।" কৃষক বলিল "ঠাকুর! আমি সাধুর আদেশ পালন করিব। প্রসাদ পাইলে ও বর চাহিলে যে মনের কথাই শুনা হইবে।" নারায়ণ তখন সেই সাধুপুরুষের নিকট গিয়া কৃষকের কথা বলিলেন। তখন ভগবানের সহিত সাধুপুরুষ অবিলম্বে সেই কৃষকের নিকট

আসিয়া বলিলেন "বৎস! তোমার প্রতি অতিশয় প্রসন্ন হইয়াছি। এখন তুমি নিজের মনের কথা শুনিতে পার।" কৃষক তখন সেই সাধুর ও তাহার পর নারায়ণের চরণে পতিত হইল। ভগবান্ স্বহস্তে সেই কৃষককে প্রসাদ দিয়া বলিলেন, "বৎস! এই প্রসাদ লও। এখন হইতে তুমি দুর্ল্ভ ভক্তিধনের অধিকারী হইলে।"

নিজের মনোমত কায করিতে সর্ব্বদা ব্যস্ত বলিয়া মানুষ এত দুঃখ ভোগ করে। নিজের মনই মানুষের চিরশত্রু। নিজের মন ভিন্ন মানুষের অন্য শত্রু নাই। তথাপি মনুষ্য নিজের মনের কথা শুনিয়া পুনঃ পুনঃ নরকে যাইতেছে। দেখ, কৃষক নিজের মনের কথা শুনে নাই বলিয়াই শ্রীভগবানের চরণে দুর্ল্ভ-ভক্তি লাভ করিল।

"চিত্তমূলো হি সংসারস্তৎ প্রযত্নেন শোধয়েৎ।
হন্ত চিত্ত-মহত্তায়াং কৈষা বিশ্বাসতা তব ॥ ১ ॥
মন এব জগৎ সর্ব্বং মন এব মহারিপুঃ।
মন এব হি সংসারো মন এব জগত্রয়ম্ ॥ ২ ॥"

৫। অবিচারে গুরুবাক্যে করিবে বিশ্বাস।

এক আচার্য্যের আশ্রমে দুই জন শিষ্য থাকিতেন। একটীর নাম গুরুশরণ ও অপরটীর নাম পরাক্রম। আচার্য্য তাহাদিগকে সর্ব্বদাই বলিতেন,—

"অবিচারে গুরুবাক্যে করিবে বিশ্বাস।"

গুরুশরণ নামেও যা কাজেও তা। কাজেই সর্ব্বদাই অবিচারে গুরুবাক্য পালন করিত। পরাক্রম গুরুর আদেশ শুনিতে যাইত কিন্তু কিছুতেই নিজের বিচার বুদ্ধি ছাড়িতে পারিত না। কাজেই অল্পদিনের মধ্যেই গুরুশরণ প্রকৃত জ্ঞানলাভ করিল। পরাক্রম নিজ বুদ্ধির দোষে জ্ঞান লাভ করিতে না পারিয়া গুরুর প্রতি দোষারোপ করতঃ বলিল—মহারাজ! আপনি গুরুশরণকে আমার অপেক্ষা অধিক স্নেহ করেন। গুরু তখন তাহাকে কিছুই না বলিয়া পরদিন তাহাকে একটী মাটীর বেদী গড়িতে বলিলেন। বেদী গড়া শেষ হইলেই গুরুদেব বেদীটী ভাঙ্গিয়া ফেলিতে বলিলেন। বেদী ভাঙ্গা হইলেই গুরুদেব পুনরায় বেদী গড়িতে বলিলেন। এই রকম প্রায় পাঁচ ছয় বার করিলে পর, পরাক্রম বিরক্ত হইয়া বলিল—

একবার বেদী গড়িতে বলিতেছেন আবার তৎক্ষণাৎ উহা ভাঙ্গিতে বলিতেছেন। পুনঃ পুনঃ অনর্থক এরূপ করিয়া কি লাভ হইবে? গুরু তাহাকে কোনও উত্তর না দিয়া গুরুশরণকে পূর্ব্বের ন্যায় একবার বেদী গড়িতে ও পরক্ষণেই সেই বেদী ভাঙ্গিতে বলিলেন। এইরূপে গুরুর আজ্ঞামত গুরুশরণ হাসিতে হাসিতে পুনঃ পুনঃ বেদী গড়িতে ও ভাঙ্গিতে লাগিল। যখন পঁচিশ বার বেদী গড়া ও ভাঙ্গা হইল, পরাক্রম আর সহ্য করিতে পারিল না। সে তখন ক্রোধভরে গুরুশরণকে বলিয়া উঠিল "তুমি কি পাগল হইয়াছ যে অনর্থক একবার বেদী গড়িতেছ ও আর একবার ভাঙ্গিতেছ?" গুরুশরণ তাহাকে সান্ত্বনা দিয়া বলিল "ভাই! অবিচারিত ভাবে আজ্ঞা-পালনই আমার একমাত্র কর্ত্তব্য। তাঁহার আজ্ঞা ভাল কি মন্দ, আমি একবার ভুলিয়াও বিচার করি না। গুরুদেবই বুঝেন আমার কিসে ভাল হয় ও কিসে মন্দ হয়। আমি যদি নিজেই তাহা বুঝিতে পারিব, তাহা হইলে আর গুরুর আশ্রয় লইবার কি প্রয়োজন ছিল? ভাই! গুরুর আজ্ঞা অবিচারিত ভাবে পালন করিতে না শিখিলে সকল শ্রমই বৃথা।" গুরু তখন হাসিয়া পরাক্রমকে বলিলেন "এখন বুঝিলে কেন আমি গুরুশরণকে অধিক ভালবাসি?"

তোমরাও পিতা মাতা প্রভৃতি গুরুজনের কথা শুনিতে শিখিবে। তোমার কিসে ভাল হয় তাহা তাঁহারাই বুঝেন, তুমি বুঝ না। তাঁহাদের আদেশ তোমার যতই অসম্ভব বা অন্যায় মনে হউক না কেন, কখনও বিরক্ত হইও না। সকল সময়েই আনন্দের সহিত তাঁহাদের আজ্ঞা পালন করিবে। তাহা হইলে তোমাদের যে কত ভাল হইবে, তাহা বলিয়া শেষ করিতে পারা যায় না।

শুভং বাশুভমন্যদ্বা যদুক্তং গুরুণা ভুবি।
তৎ কুর্য্যাদবিচারেণ শিষ্যঃ সন্তোষসংযুতঃ ॥ ১ ॥
দুর্লভো বিষয়ত্যাগো দুর্লভং তত্ত্বদর্শনম্।
দুর্লভা সহজাবস্থা সদ্‌গুরোঃ করুণাং বিনা ॥ ২ ॥

৬। হরিপ্রিয়া রামনামে হেঁটে গঙ্গা তরে।

গঙ্গাতীরে কোনও গ্রামে একজন কথক কথা বলিতেন। হরিপ্রিয়া নামে এক ধনবান্ চণ্ডালের কন্যা গঙ্গার অপর পারে বাস করিত। সে প্রত্যহ খেয়া নৌকায় গঙ্গা পার হইয়া শুনিতে আসিত। কিছুদিন পরে কথক ঠাকুর, বিশ্বাসেই ভগবান মিলে অন্য কোনও উপায়ে তাঁহাকে মিলে না, এই বিষয়ে কথা বলিলেন। কথায় কথায় বলিলেন,—

"রামনাম দৃঢ়া নৌকা সংসারার্ণব-তারিণী।
ফলং বিশ্বাসিনাং চৈব নান্যেষাং তু কদাচন॥"

কথা শেষ হইলে হরিপ্রিয়া মনে মনে চিন্তা করিতে লাগিল, রাম নাম করিলে সংসার সমুদ্রই পার হওয়া যায়, তবে আর আমি খেয়া নৌকায় কেন গঙ্গাপার হইব? এই মনে করিয়া হরিপ্রিয়া আর খেয়া ঘাটে নৌকা চড়িল না। নিজের বাটীর ঠিক আড়পারে আসিয়া গঙ্গায় নামিল।

গঙ্গার জল হাঁটু হইতে উরু পর্য্যন্ত হইল। উরু হইতে কোমর পর্য্যন্ত উঠিল। হরিপ্রিয়া অনবরতই রাম রাম বলিতে বলিতে জলের ভিতর যাইতে লাগিল। জল বাড়িতে বাড়িতে ক্রমশঃই গলা পর্য্যন্ত আসিল। হরিপ্রিয়ার তখনও একটু ভয় কি সন্দেহ হইল না। সে অনবরত রাম রাম বলিতে বলিতে গঙ্গার ভিতর যাইতে লাগিল! তাহার পর গঙ্গার জল তাহার নাক অবধি উঠিল। সে হাঁপাইয়া উঠিল কিন্তু তখনও ছাড়িল না। তৎক্ষণাৎ হরিপ্রিয়ার পরীক্ষা শেষ হইল ও জল কমিয়া গেল। হরিপ্রিয়া হাঁটিয়াই গঙ্গাপার হইল। সেইদিন হইতে প্রত্যহই

'হরিপ্রিয়া রাম নামে হেঁটে গঙ্গা তরে।'

তাহার সর্ব্বদাই একান্ত ইচ্ছা যে, কথক ঠাকুরকে একদিন তাহার বাড়ী লইয়া আসে। কিন্তু নিজে জাতিতে চণ্ডাল ও কথক ঠাকুর ব্রাহ্মণ। কাজেই ভয়ে বলিতে সাহস পাইত না। ক্রমশঃ তাহার আগ্রহ এত বাড়িল যে, সে আর না বলিয়া থাকিতে পারিল না। কথক ঠাকুর জানিত যে, সে চণ্ডালের কন্যা হইলেও তাহার পিতা ধনী। কাজেই ধনলোভে তাহার প্রস্তাবে স্বীকৃত হইল। কথা শেষ হইলে কথক তাহার সঙ্গে তাহার বাড়ী যাত্রা করিল। হরিপ্রিয়া খেয়া ঘাটে

আসিলে কথক মনে করিল, সে খেয়া নৌকায় চড়িবে! কিন্তু হরিপ্রিয়া যখন খেয়াঘাট ছাড়িয়া চলিল, তখন কথক ঠাকুরের মনে বড়ই সন্দেহ উপস্থিত হইল। তথাপি কথক ঠাকুর তাহাকে কিছু বলিল না। নিজের বাড়ীর অপরপারে যাইয়া হরিপ্রিয়া রাম রাম বলিতে বলিতে জলে নামিল। কথক তখন বুঝিতে পারিল "রামনাম দৃঢ়া নৌকা" এই কথায় বিশ্বাস করিয়া হরিপ্রিয়া হাঁটিয়াই গঙ্গাপার হইতে চাহে। ভয়ে কথকের মুখ শুকাইয়া গেল। কিন্তু লজ্জায় কিছুই বলিতে না পারিয়া বাধ্য হইয়া জলে নামিল। জল হরিপ্রিয়ার হাঁটুর উপর উঠিল না। নাস্তিক কথকের কিন্তু জল ক্রমশঃই অধিক হইতে লাগিল। তথাপি লজ্জায় ও ভয়ে কথক চুপ করিয়া হরিপ্রিয়ার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিল। পরে যখন জল কথকের গলা অবধি উঠিল, কথক ছুটিয়া গিয়া তীরে উঠিল। হরিপ্রিয়ার তখনও হাঁটু জল। হরিপ্রিয়া কথককে বলিল "ঠাকুর, রাম রাম বলিতে বলিতে আসুন—কোনও ভয় নাই।" তখন কথক নিজের জুয়াচুরী স্বীকার করিতে বাধ্য হইয়া বলিল, "দূর, তুই এক অংশ বলিলি আর এক অংশ ভুলিয়া গেলি—"ফলং বিশ্বাসিনাং চৈব নান্যেষাং তু কদাচন।" এই বলিয়া কথক ঠাকুর চলিয়া গেল। হরিপ্রিয়া মনের দুঃখে একাই

হাঁটিয়া গঙ্গাপার হইয়া বাড়ীতে উপস্থিত হইল। জুয়াচোর কথক হরিপ্রিয়ার ন্যায় সাধু পাইয়াও তাহার সঙ্গ ত্যাগ করিয়া, যে নাস্তিক সেই নাস্তিকই রহিল।

"অসংশয়বতাং মুক্তিঃ সংশয়াবিষ্ট-চেতসাম্।
ন মুক্তি-র্জন্ম-জন্মান্তে তস্মাদ্ বিশ্বাস-মাপ্নুয়াৎ ॥ ১ ॥
যস্য দেবে পরা ভক্তি র্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥ ২ ॥
যথা সঙ্কল্পয়েৎ বুদ্ধ্যা যদা বা মৎপরঃ পুমান্।
ময়ি সত্যে মনো যুঞ্জংস্তথা সৎ সমুপাশ্নুতে ॥ ৩ ॥"

৭। বিশ্বাসে বৈকুণ্ঠ মিলে তর্কে বহুদূর।

কোন গ্রামে এক ধূর্ত্ত, দুষ্ট ব্রাহ্মণ ছিল। সে নানা অসদুপায়ে অর্থ উপার্জ্জন করিত। কিন্তু তথাপি তাহার কুলান হইত না। কেননা তাহার লোভের অন্ত ছিল না। মৎস্য ভোজন করিবার লোভ তাহার বড়ই প্রবল ছিল। মাছ খাইয়া তাহার লোভ আরও বাড়িতে লাগিল। পরিশেষে অনেক ভাবিয়া চিন্তিয়া ঠিক করিল যে, গ্রামের কোনও মেছুনীকে যদি ঠকাইয়া শিষ্য করিতে পারি, তাহা হইলে আর মাছের অভাব থাকিবে না। এই স্থির করিয়া সে একজন বোকা মেছুনীর সন্ধান করিতে লাগিল।

কিছুদিন সন্ধান করিতে করিতে সে তাহার মনোমত একটী মেছুনী পাইল। তাহার কোন বুদ্ধি নাই মনে করিয়া সেই পাপিষ্ঠ ব্রাহ্মণ সেই ধর্ম্মিষ্ঠা মেছুনীকে বলিল "মেছুনী, তুই মন্ত্র লইবি ?" সেই মেছুনী অতিশয় পুণ্যাত্মা, কাযেই ব্রাহ্মণ যে এত পাপাত্মা, তাহা সে বুঝিতে পারিল না। সে অতিশয় আগ্রহের সহিত বলিল "আমার কি এমন ভাগ্যও হবে ? আমি নীচ জাতি। আপনি

ব্রাহ্মণ। আপনি কি আর এ অধমকে দীক্ষা দিবেন ?” ব্রাহ্মণ বলিল “তা তুমি হীনজাতি হইলে কি হয় ? তোমার যখন এত আগ্রহ, আমি তোমার প্রতি কৃপা করিব।” মেছুনীর মনে এখন একটু আশার সঞ্চার হইল। তাহার বহুদিন হইতে একান্ত ইচ্ছা যে, দীক্ষিত হইয়া সে পরকালের গতি করে। কিন্তু জাতিতে মেছুনী, কেহই তাহাকে দীক্ষা দিবে না, এই আশঙ্কায় সে নিজের একান্ত আগ্রহ নিজের মনেই চাপিয়া রাখিয়া সেই দীনবন্ধু, সেই অশরণের শরণ, সেই অগতির গতি ভগবানকে মনে মনে সর্ব্বদা কাতরভাবে নিবেদন করিত। যখন ব্রাহ্মণ তাহাকে ঠকাইবার জন্য দীক্ষার প্রস্তাব করিল, তখন মেছুনী সেই দুরাত্মা ব্রাহ্মণের দিকে আদৌ লক্ষ্য না করিয়া মনে করিল “এতদিনে বুঝি শরণাগত-বৎসল আমার অশেষ পাপ ক্ষমা করিয়া আমার প্রতি কৃপা করিতে পারিলেন।” তবে “শ্রেয়াংসি বহুবিঘ্নানি” এই মহাবাক্য স্মরণ করিয়াই মেছুনীর মনে প্রবল আশার সঙ্গে সঙ্গে ঘোর আশঙ্কার উদয় হইল। তখন মেছুনী ব্যাকুল হইয়া বলিল “আমাকে কি করিতে হইবে ?” পাপিষ্ঠ ব্রাহ্মণ বলিল “তুমি শীঘ্র গঙ্গাস্নান করিয়া আইস, তোমায় আর কিছুই করিতে হইবে না। তোমার হইয়া আমি সকল কাজই করিব।” মেছুনী

ছুটিয়া যাইয়া মহানন্দে গঙ্গাস্নান করিয়া আসিল। তখন সেই দুরাত্মা ব্রাহ্মণ তাহার কাণে কাণে মন্ত্র দিল—"আয় ছাগলি পাতা খা।" মেছুনী একবার মনেও ভাবিল না সেই মন্ত্রে কি করিয়া ভগবান্ মিলিতে পারে। সেই কাঙ্গালের নাথ তাহার সদ্গতির জন্য ঐ ব্রাহ্মণকে খাড়া করিয়াছেন, তাহার পক্ষে ইহাই যথেষ্ট হইল। সে প্রগাঢ় বিশ্বাসের সহিত সেই মন্ত্রই জপ করিতে লাগিল। এ দিকে ব্রাহ্মণের খাবার সুখের আর সীমা নাই। মেছুনী প্রত্যহ প্রাতঃকালেই সর্ব্বাপেক্ষা ভাল মাছটীই গুরুকে নিবেদন করিয়া বাজারে মাছ বেচিতে যাইত।

এইরূপে বহুদিন গত হইলে পর, একদিন সেই শঠ ব্রাহ্মণ মনে মনে চিন্তা করিল "কি আশ্চর্য্য! আমি উহার সহিত এই দারুণ প্রবঞ্চনা করিলাম। মনে করিয়াছিলাম দুইদিন পরেই ধরা পড়িব। কিন্তু কৈ? এখনও প্রগাঢ় ভক্তিভরে প্রত্যহই আমাকে সর্ব্বোৎকৃষ্ট মাছটীই দিয়া যাইতেছে! সে নিশ্চয়ই কিছু লাভ করিয়াছে নতুবা এতদিন আমার বদ্‌মাইসি নিশ্চয়ই ধরিয়া ফেলিত।" এই মনে করিয়া সেই দুরাত্মা মেছুনীকে জিজ্ঞাসা করিল, "মেছুনী তুই যে এতদিন মন্ত্র জপ করিতেছিস্, তোর কি লাভ হইল?" মেছুনী ঘাড় হেঁট্ করিয়া বলিল

"মহারাজ আর আমি নিজমুখে কি করিয়া বলি।" তাহার পর সেই ভণ্ড ব্রাহ্মণের পীড়াপীড়িতে মেছুনী বলিল "আজ্ঞা আমি প্রত্যহ একটী ছোট ডাল ভাঙ্গিয়া গঙ্গাতীরে রাখিয়া স্নান করিয়া ইষ্ট-মন্ত্র জপ করি আর শ্রীভগবান্ ছাগলি হইয়া আসিয়া সেই ডাল হইতে পাতাগুলি খাইয়া যান।"

সেই নাস্তিক ব্রাহ্মণ শুনিয়াই ত একেবারে অবাক্ হইয়া গেল। সেই পাপিষ্ঠ এতদিনে বুঝিয়াছে যে, মেছুনী তাহার মত দুষ্ট নহে ও সে কখনও মিথ্যা কথা বলিতে পারে না। খানিক নিস্তব্ধ হইয়া থাকিয়া শেষে বলিল "আমাকে দেখাতে পারিস ?" ভক্তা মেছুনী নাস্তিক ব্রাহ্মণকে বলিল "আপনার আজ্ঞা হইলে পারি।" তখন সেই দুরাচার ব্রাহ্মণ সেই ভগবানের কৃপাপাত্রীর সহিত চলিল। মেছুনী নিত্য যেমন করে সেইদিনও সেইরূপ একটী গাছের ডাল লইয়া গঙ্গাতীরে রাখিয়া স্নান করতঃ গঙ্গাজলে দাঁড়াইয়া জপ করিতে লাগিল—"আয় ছাগলি পাতা খা।" শ্রীভগবান্ও ভক্তের কাতর ডাকে থাকিতে না পারিয়া ছাগলিরূপে আসিয়া সেই ডালের পাতা খাইতে লাগিলেন। নাস্তিক ব্রাহ্মণ সম্মুখে থাকিয়াও কিছুই দেখিতে পাইল না। তথাপি সেই নাস্তিক ব্রাহ্মণের মেছুনীর কথায় সন্দেহ হইল না। সে বলিল "কৈ ? আমি ত

কিছুই দেখিতে পাইতেছি না।" মেছুনী বলিল "আজ্ঞা ঐ যে পাতা খাচ্চেন" তখন সেই দুরাত্মা শঠও ডালের দিকে তাকাইয়া দেখে ডালের পাতা সত্য সত্যই কমিয়া যাইতেছে।

তখন সেই নাস্তিক লোভী শঠ ব্রাহ্মণেরও সাধুসঙ্গে জ্ঞান হইল। সে ছুটিয়া যাইয়া মেছুনীর পায়ে পড়িল। মেছুনী একেবারে শিহরিয়া উঠিয়া বলিল "কি করেন? কি করেন? আমার ঘোর অকল্যাণ করিবেন না।" ব্রাহ্মণ কোন বাধাই মানিল না—না মানিল জাতির অভিমান— না মানিল লোভের টান—না মানিল দুষ্প্রবৃত্তির প্রেরণা। সে বল পূর্ব্বক সেই ভক্তিনিষ্ঠা মেছুনীর চরণ দুখানি জড়াইয়া ধরিল ও ব্যাকুল হইয়া বলিয়া উঠিল "আমায় রক্ষা করুন। আপনিই আমার গুরু। আপনিই আজ এই ঘোর দুর্ব্বৃত্তকেও জ্ঞান দিলেন। আমি বুঝিলাম "বিশ্বাসে বৈকুণ্ঠ মিলে তর্কে বহুদূর। আমি আপনার চরণে শরণাগত।" এই বলিয়া সেই শঠ ব্রাহ্মণ আত্মপরিচয় দিল।

সাধুসঙ্গে সেই দুর্ব্বৃত্ত নাস্তিক ব্রাহ্মণও যখন দিব্যজ্ঞান লাভ করিল, তখন সেই ভক্তিনিষ্ঠা মেছুনী স্বয়ং যে "আয় ছাগলি পাতা খা" এই মন্ত্র জপ করিয়া সদ্গতি লাভ করিবে, তাহা আর বিচিত্র কি?

"ন কর্ম্মণা ন তপসা ন জপৈ র্নাসনাদিভিঃ।
ন জ্ঞানেন ন চান্যেন বশ্যোহহং শ্রদ্ধয়া বিনা ॥১॥
শ্রদ্ধা ময্যস্তি চেৎ পুংসো যেন কেনাপি হেতুনা।
বশ্যঃ স্পৃশ্যশ্চ দৃশ্যশ্চ পূজ্যঃ সম্ভাষ্য এব চ ॥২॥
শ্বপাকমিব নেক্ষেত লোকে বিপ্রমবৈষ্ণবম্।
বৈষ্ণবো বর্ণবাহ্যোহপি পুনাতি ভুবনত্রয়ম্ ॥৩॥

নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বাম্ ॥৪॥"

৮। অভিমানের কুলা, সর্ব্বনাশের মেলা।

এক বনে কতকগুলি শৃগাল বাস করিত। তাহারা শৃগাল হইলেও তাহাদের ভেদবুদ্ধি ছিল না। তাহারা সকলেই ভাই ভাইএর মত থাকিত। কাযেই তাহাদের মধ্যে কলহ বিবাদ কিছুই ছিল না। তাহারা পরম সুখেই কাল কাটাইত। সংসারের জ্বালা যন্ত্রণা কিছুই জানিত না।

একদা সেই বনে এক রাজা তাহার সৈন্যাদি লইয়া মৃগয়া করিতে আসিল। শৃগালেরা সেই রাজাকে দেখিয়া মনে করিল, না জানি সেই রাজ্যের লোকেরা কত সুখেই থাকে। সেই রাজ্যবাসীরা যে ভেদবুদ্ধির প্রভাবে তাহাদের অপেক্ষা অনেক দুঃখভোগ করে, তাহা শৃগালেরা বুঝিতে পারিল না। অতএব তাহারা মনে করিল, আহা! আমাদের যদি রাজা থাকিত, তাহা হইলে আমরাও ঐরূপ সুখে থাকিতে পারিতাম। এই মনে করিয়া তাহারা সকলেই একবাক্যে স্থির করিল যে, তাহাদের একজনকে রাজা করিতে হইবে। এই সঙ্কল্প করিয়া তাহারা তাহাদের মধ্যে সর্ব্বাপেক্ষা বয়োজ্যেষ্ঠকে রাজা করিল। ভেদবুদ্ধিহীন শৃগালদের মধ্যে এত-

ক্ষণে ভেদবুদ্ধি প্রবল ভাবে জাগিয়া উঠিল। কাযেই তাহারা মনে করিল, যাহাকে রাজা করা হইল সেও আমাদের মত দেখিতে, তবে আর রাজা ও প্রজায় কিরূপ প্রভেদ হইল। এই মনে করিয়া তাহারা ভেদ বুদ্ধির বশে শৃগালরাজকে ভিন্নবেশে সাজাইবার জন্য অত্যন্ত ব্যস্ত হইয়া পড়িল। অথচ রাজার বেশের যোগ্য কিছুই দেখিতে পাইল না। অবশেষে অনেক অনুসন্ধানে একখানি ভাঙ্গাকুলা দেখিয়া তাহারা মনে করিল, যদি এইখানি শৃগালরাজের মস্তকে বাঁধিয়া দিই তাহা হইলেই ইহা রাজমুকুটের কার্য্য করিবে। সকলেই একবাক্যে ইহা স্থির করিল। শৃগালরাজও এই প্রস্তাবে পরম আনন্দিত হইল। তখন সেই কুলাখানি সকলে মিলিয়া মহা-সমারোহে সেই শৃগালরাজের মাথায় খুব শক্ত করিয়া বাঁধিয়া দিল। সেই মুকুটের কি আশ্চর্য্য শক্তি! মাথায় বাঁধিবামাত্র শৃগালরাজ ভুলিয়া গেল যে, সেও অন্যান্য শৃগালের ন্যায় একটী শৃগাল মাত্র। তাহাতে ও অন্যান্য শৃগালে কোন প্রভেদ নাই। শৃগালরাজ সেই মুকুট মাথায় বাঁধিয়া রাজকার্য্য আরম্ভ করিল। ভেদবুদ্ধির প্রভাবে তাহা প্রাণের অপেক্ষাও প্রিয় হইয়া উঠিল। অন্যের অপেক্ষা বড় হইতে যাইলে যে বিষময় ফলভোগ করিতে হয়, সেই বিষময়

ফল শৃগালরাজ একটু একটু করিয়া আস্বাদ করিতে লাগিল। অল্পদিনেই শৃগালরাজ অহঙ্কারে বিলক্ষণ মত্ত হইয়া উঠিল। যে দুদিন আগে নিজেকে অন্যের ন্যায় মনে করিত, আজ দুদিন মাত্র রাজমুকুট পরিয়াই, আমি সকলের রাজা, আমি সকলের শ্রেষ্ঠ, এই অভিমানে মত্ত হইয়া ধর্ম্মাধর্ম্ম সব একেবারে বিসর্জ্জন দিল। অহঙ্কারের কুলা তাহাকে দুদিনেই আগেকার সকল কথাই ভুলাইয়া জ্ঞানহারা করিয়া দিল।

কালক্রমে একদিন যমের মত এক দুর্দ্দান্ত ব্যাধ সেই বনে মৃগয়া করিতে আসিল। তাহার সঙ্গে কতকগুলি ভয়ঙ্কর ভয়ঙ্কর কুকুর ছিল। ব্যাধ ইঙ্গিত করিবামাত্র কুকুরগুলি শৃগালদিগকে আক্রমণ করিল। তখন তাহারা প্রাণ ভয়ে ভীত হইয়া প্রাণপণে দৌড়িয়া সকলেই এক একটী গর্ত্তে আশ্রয় লইল। কিন্তু শৃগালরাজ দৌড়িয়া গিয়া যেই গর্ত্তে প্রবেশ করিতে চেষ্টা করিল, অমনি সেই অভিমানের কুলা তাহাকে প্রবেশ করিতে দিল না। তখন শৃগালরাজ প্রাণভয়ে সেই অভিমানের কুলা পরিত্যাগ করিবার জন্য প্রাণপণে চেষ্টা করিতে লাগিল। কিন্তু যাহা অতি যত্নে শক্ত করিয়া বাঁধা হইয়াছি[illegible] বিপদে তাহা শত চেষ্টাতেও খুলিতে পারিল না। শৃগালরাজ

একবার এ গর্ত্তে একবার ও গর্ত্তে ঢুকিবার চেষ্টা করিতে করিতে ভাবিতে লাগিল, হায়! হায়!
"অভিমানের কুলা সর্ব্বনাশের মেলা।"
এদিকে কুকুরগুলি দেখিল সকল শৃগালগুলিই গর্ত্তের মধ্যে পলাইয়াছে। তখন তাহারা সকলেই একসঙ্গে শৃগালরাজকে আক্রমণ করিল। শৃগালরাজ তখন অভিমানের কুলা লইয়া গর্ত্তে লুকাইবার চেষ্টা করিতেছিল। কুকুরগুলি একদণ্ডেই সেই শৃগালরাজকে টুক্‌রা টুক্‌রা করিয়া ফেলিল।

আহা! সেই নির্ব্বোধ শৃগাল অভিমানের কুলা পরিয়া একেবারে প্রাণে বিনষ্ট হইল। সঙ্গদোষেই তাহার মাথায় এই অভিমানের কুলা চাপিল। যতদিন তাহারা রাজা দেখে নাই, ততদিন তাহাদের ভেদবুদ্ধি ছিল না ও কেহই আপনাকে বড় মনে করিত না। রাজাকে দেখিবামাত্রই ভেদবুদ্ধি তাহাদিগকে আক্রমণ করিল। বৃদ্ধ শৃগাল যদি রাজা হইয়া কুলা বাঁধিতে না চাহিত, তাহা হইলে এই মহাবিপদে রক্ষা পাইতে পারিত। কিন্তু যখন অন্যে তাহাকে বড় করিতে চাহিল ও সেও আনন্দের সহিত বড় হইতে স্বীকার করিল, তখনই তাহার অভিমানের কুলা মাথায় চড়িল ও অবশেষে মহাবিপদের কারণ হইল।

সকল মনুষ্যই এই শৃগালের মত। ভেদবুদ্ধি না থাকিলে তাহারা পরম সুখেই কাল কাটাইতে পারে। সঙ্গদোষেই ভেদবুদ্ধি হয়। এই ভেদবুদ্ধি হইলেও যদি মনুষ্য নিজকে বড় মনে না করিয়া ছোট মনে করে, তাহা হইলে যমভয়ে বৈকুণ্ঠ-গর্ত্তে পলাইয়া প্রাণ বাঁচাইতে পারে। কিন্তু একবার যদি মনুষ্য কোন ছুতা করিয়া আপনাকে বড় মনে করিতে থাকে, তাহা হইলে সে অন্তিমে সেই অভিমানের কুলাবদ্ধ শৃগালরাজের ন্যায় পরম দুর্দ্দশাগ্রস্ত হয়। সে মৃত্যুকালে যম-ভয়ে ভীত হইয়া যতই অভিমান ত্যাগ করিয়া বৈকুণ্ঠনাথের শরণ লইতে চেষ্টা করে, ততই অভিমান তাহাকে আট্‌কাইয়া দেয়। শেষে অভিমান ত্যাগ করিতে না পারিয়া সেই কাঙ্গালের নাথ দীনশরণের চরণে স্থান হইতে সে বঞ্চিত হয়।

"আলাপাদ্ গাত্রসংস্পর্শাৎ শয়নাৎ সহভোজনাৎ। সঞ্চরন্তি হি পাপানি তৈলবিন্দুরিবাম্ভসা॥
বিষং বিষয়-বৈষম্যং ন বিষং বিষমুচ্যতে। জন্মান্তরঘ্না বিষয়া একজন্মহরং বিষম্॥
অবিশেষেণ সর্ব্বং তু যঃ পশ্যতি চিদন্বয়ম্। স এব সাক্ষাদ্বিজ্ঞানী স শিবঃ স হরির্বিধিঃ॥
সম্মানাৎ ব্রাহ্মণো নিত্যমুদ্বিজেত বিষাদিব। অমৃতস্যেব চাকাঙ্ক্ষেদবমানস্য সর্ব্বদা॥৪॥"

"ব্যাঙ্ বলে পদ্মফুল জন্ম লয় পাঁকে।
ভোম্‌রা শুধু মন মাতান গন্ধ মধু দেখে।"

একটী পুকুরে একটী পদ্মফুল ফুটিয়া ছিল। পুকুরের নির্ম্মল জলে প্রস্ফুটিত পদ্ম-ফুলটিকে বড়ই সুন্দর দেখাইতেছিল। একটী পথিক সেই পদ্মফুলটী দেখিয়া পরম আনন্দিত হইল। তাহার ভিতর হইতে কে যেন বলিতে লাগিল, পদ্মফুলটী লও। উহা রূপে ও গুণে তুল্য। যেমন সদ্‌গন্ধ তেমনিই মধুভরা। পথিক কিন্তু জল দেখিয়া ভয় পাইল। অমনি তাহার মন ওজর সৃষ্টি করিতে লাগিল। পথিক তখন মনে মনে ভাবিতে লাগিল, ফুলটি কি শুধু দেখিতেই সুন্দর? না উহার কিছু গুণও আছে? যাহা কেবল বাহিরে দেখিতে ভাল, ভিতরে কিছুই নাই, সে জিনিষ ত লওয়া উচিত নয়। বরং বাহিরে দেখিতে ভাল নয় অথচ ভিতরে ভাল, তাহাই লওয়া উচিত।

এইরূপ কিছুক্ষণ চিন্তা করিয়া পথিক স্থির করিল, এই ফুলটীর কোন গুণ আছে কি না উহার সঙ্গীদিগকে ডাকিয়া জিজ্ঞাসা করিয়া দেখি। এই মনে করিয়া সে ব্যাঙ্‌কে

ডাকিয়া জিজ্ঞাসা করিল—ভাই! তুমি ত ঐ ফুলটীর সঙ্গে সর্ব্বদাই থাক। বলিতে পার কি,—উহার কি কোন গুণ আছে? না শুধু দেখিতেই ভাল। পথিকের কথা শুনিয়া ব্যাঙ্ বলিল, দেখ সব জিনিষই দুই রকমে ভাল। এক জন্মে, অপর নিজ গুণে। ফুলটার এই দুইটীর একটীও নাই। উহার জন্ম দুর্গন্ধময় পাঁকে। আর উহার নিজের গুণের কথা কি বলিব? উহার সর্ব্বাঙ্গেই কাঁটা! একটু যদি কাছে ঘেঁসে যাই তো সর্ব্বাঙ্গে রক্তপাত হয়। ঐ যে হাসিমাখা মুখখানি দেখিতেছ, উহা কেবল নিজের কদর্য্য জন্ম ও গুণ ঢাকিবার জন্য। শুনি ভিতরে মধু আছে। আমরা তো কোন দিন দেখি নাই। পথিকের মনের অনুকূল হওয়ায় পথিকের এই কথায় খুব আস্থা হইল। কিন্তু তথাপি পথিক কিছুতেই ফুলটী ছাড়িয়া যাইতে পারিল না। তখন সে মাছ ও কচ্ছপকে পৃথক পৃথক করিয়া পদ্মফুলের কথা জিজ্ঞাসা করিল। কিন্তু তাহারাও দুই জনেই ঠিক্ ব্যাঙের মত উত্তর দিল। যেন তাহারা এক সঙ্গে [illegible]মর্শ করিয়া রাখিয়াছিল। দুষ্ট পথিক তখন পদ্মফুলটী অতি নিকৃষ্ট বস্তু, এই ঠিক্ স[illegible] ব্রাহ্মরোচি[illegible]হইল। ঠিক্ সেই সময়, দূর হইতে একটা "গুণ্ গুণ্" শব্দ

... গেল। তখন পথিক তাকাইয়া দেখিল, একটা ক্ষুদ্র কাল জন্তু দূর হইতে প্রাণভ'রে গুণ গুণ শব্দ করিতে করিতে পাগলের মত পদ্মফুলের দিকে ছুটিয়া আসিতেছে। সেটী ভ্রমর। ভ্রমর কোন দিকে না তাকাইয়া একেবারে পদ্মফুলের ভিতরে গিয়া প্রবেশ করিল।

কিছুক্ষণ পরেই ভ্রমর পুনরায় গুণ গুণ শব্দ করিতে করিতে সেই পদ্মের রজঃ মাখিয়া আনন্দে অধীর হইয়া বাহির হইয়া আসিল। তখন পথিক ভাবিল, ভাল ইহাকেই একবার ফুলের ভিতরের খবরটা জিজ্ঞাসা করিয়া দেখি না কেন? এ তো ভিতরে প্রবেশ করিয়াছিল। ব্যাঙ, মাছ ও কচ্ছপের ন্যায় ত কাছে কাছে ঘুরিয়াই ক্ষান্ত হয় নাই। পথিক তখন ভ্রমরকে ডাকিয়া বলিল, ভাই! তুমি ফুলের ভিতরের খবর কিছু আমায় বলিতে পার কি? কে যেন আমার কাণে কাণে সর্ব্বদাই বলিতেছে, ঐ ফুল দেখিতে যত সুন্দর, গুণে তার চেয়ে আর ... অধিক। তথাপি আমি নিজ দুর্ব্বুদ্ধিবশে যাহারা বাহির হইতে সম্বন্ধ করিয়াছে, সেই ব্যাঙ, মাছ ও কচ্ছপের কথাই অকাট্য মনে করিয়া এই অপরূপ ফুলটী ত্যাগ করিয়া যাইতে

উ[illegible] হইয়াছি। এমন সময় তুমি গুণ গুণ করিয়া ইহার অশেষ গুণকীর্ত্তন করিতে করিতে আসিলে। এখন বেশ বুঝিতে পারিতেছি, তুমিই এই ফুলটীর প্রকৃত সংবাদ জান। ভাই, তুমি কৃপা করিয়া যদি ঐ ফুলটীর কিছু প্রকৃত সংবাদ দাও, তাহা হইলে আমি কৃতার্থ হই।

পথিকের কাতর ভাব দেখিয়া ভ্রমরের কৃপা হইল। তখন ভ্রমর বলিল ভাই, যাকে তাকে জিজ্ঞাসা করিলে কি প্রকৃত সংবাদ পাওয়া যায়? বরঞ্চ দূরের লোকও ভাল, তথাপি যে কাছে থাকিয়াও পর, যে নিকটে থাকিয়াও অন্তরঙ্গ নহে, তাহাকে কখনও জিজ্ঞাসা করিবে না। দূরের লোকও কিছু দেখিতে পায়, কিন্তু যে নিকটে থাকিয়াও অন্তরঙ্গ নহে, সে কেবল বিকৃতই দেখে। ভাই, এ ফুলের কথা আর কি বলিব! ইহার রূপ ত তুমি দেখিতেছই। ইহার যদি নিকটে যাও দেখিবে, ইহার সদ্‌গন্ধে তোমার প্রাণ মাতিয়া উঠিবে। ইহার ভিতর এক রকম পদার্থ আছে, [illegible] করিল। [illegible] কি মিষ্ট, যে একবার খাইয়াছে সেই বুঝিয়াছে। তাহা আর তুলনা দিয়া বুঝাইবার [illegible]মর্শ করি[illegible]না! সারাদিন গুণ গুণ করিয়াও তাহার গুণ বলিয়া শেষ করিতে পারি না।

স[illegible] ব্রাহ্মণের [illegible]র্ব্বুদ্ধি দূর হইল। তখন সে মনে মনে ভাবিতে লাগিল :—

"ব্যাঙ্ বলে পদ্মফুল জন্ম লয় পাঁকে।
ভোম্‌রা শুধু মন-মাতান গন্ধ মধু দেখে।"

পদ্মফুলটী পাইবার আগ্রহ তখন তাহাকে মাতাইয়া তুলিল। তখন পথিক নিজ পথ ছাড়িয়া দিল ও পদ্মফুলটী কি করিয়া পাইবে ইহাই তাহার ব্রত হইয়া উঠিল।

"শ্রিয়া বিভূত্যাভিজনেন বিদ্যয়া
ত্যাগেন রূপেণ বলেন কর্ম্মণা।
জাতস্ময়েনান্ধধিয়ঃ সহেশ্বরান্
সতোঽবমন্যন্তি হরিপ্রিয়ান্ খলাঃ ॥ ১ ॥"

"শ্রীগুরুং পরতত্ত্বাখ্যং ভাস্বন্তং চক্ষুরগ্রতঃ।
ভাগ্যহীনা ন পশ্যন্তি অন্ধাঃ সূর্য্যমিবোদিতম্ ॥ ২ ॥"

"সংসার-বিষবৃক্ষস্য দ্বে ফলে হ্যমৃতোপমে।
কদাচিৎ কেশবে ভক্তিস্তদ্ভক্তৈর্বা সমাগমঃ ॥ ৩ ॥"

১০। "সাধুর চরণ ধ'রে আত্মবুদ্ধি তরে।"

আত্মবুদ্ধি নামে এক পরম ভক্ত ছিল। তাহার নিজের উপর বিশ্বাস বড়ই প্রবল ছিল। সে সর্ব্বদাই বিচার করিয়া যাহা ভাল বুঝিত, তাহাই করিত। তাহার জন্য সর্ব্বস্ব ত্যাগ করিতেও সে কখনই কুণ্ঠিত হইত না। অবিচারিত বিশ্বাস তাহার কখনও কোনও বিষয়ে ছিল না। কি সাধুবাক্য, কি শাস্ত্রবাক্য, যদি উহা তাহার নিজ বুদ্ধিতে ভাল বোধ না হইত তাহা হইলে সে তৎক্ষণাৎ উহা অগ্রাহ্য করিত। কাযেই ভগবান্‌কে পাইবার জন্য প্রাণপণ চেষ্টা করিলেও উহা সর্ব্বদাই বিফল হইত। অতএব আত্মবুদ্ধিকে বহুজন্ম সংসার পথে ঘুরিতে হয়। শত শত জন্ম চেষ্টা করিয়া আত্মবুদ্ধির ভগবান্‌কে পাইবার ইচ্ছা এতই প্রবল হইল যে, ভক্তানুগ্রহকাতর ভক্তবৎসল ভগবান্ আর স্থির থাকিতে পারিলেন না। জন্ম জন্মান্তর করিল। কি[illegible]থায় আটকাইতেছে, জানাইয়া দিবার জন্য অকিঞ্চন নামে এক পরম অহৈতুক [illegible]ত্মবুদ্ধির নিকট পাঠাইয়া দিলেন।

[illegible]মর্শ করিয়[illegible] স[illegible] ব্রাহ্মণোচি[illegible]অনেক বুঝাইলেন। "দেখ মানুষ নিজের বুদ্ধিতে চলিয়াই পুনঃ